নতুন সিনেমায় মাহি

স্টাফ রিপোর্টার : মাত্রই কিছুদিন হলো চলচ্চিত্রাঙ্গনে পা রেখেছেন মাহিয়া মাহি। শাহীন সুমনের সিনেমা ‘ভালবাসার রং’–এর মাধ্যমে তার যাত্রা শুরু। সিনেমাটি নির্মাণাধীন। সিনেমাটির শুটিং ও ডাবিং শেষে আবহ সঙ্গীতের কাজ চলছে। অচিরেই মুক্তি পাবে তার প্রথম চলচ্চিত্র ‘ভালবাসার রং’। অথচ এই অল্প সময়েই মাহি চলচ্চিত্র নির্মাতাদের দৃষ্টি কেড়েছেন। প্রথম সিনেমা মুক্তির আগেই নির্মাতারা তার প্রতি আগ্রহী হয়ে ওঠেছেন। ইতোমধ্যে ভালবাসার রং-এর প্রযোজনা প্রতিষ্ঠান জাজ মাল্টিমিডিয়ার দ্বিতীয় সিনেমা ‘ছোট্ট একটা ভালবাসা’-তে মাহি কাজ করছেন। এ সিনেমায়ও তার নায়ক নবাগত বাপ্পী। দুটি সিনেমায় এই জুটির চমৎকার অভিনয় দেখে প্রযোজনা প্রতিষ্ঠানটি পরপর ছয়টি সিনেমা নির্মাণের সিদ্ধান্ত নিয়েছে। সবগুলোতেই অভিনয় করবেন মাহি ও বাপ্পি জুটি। অনেকে ধরেই নিয়েছিলেন মাহি মানেই হয়তো জাজ মল্টিমিডিয়ার সিনেমা। এই প্রযোজনা প্রতিষ্ঠানের বাইরেও মাহি সম্প্রতি নতুন সিনেমায় চুক্তিবদ্ধ হয়েছেন। প্রযোজক রফিক ভূঁইয়ার প্রযোজনায় ‘ফিরিয়ে দাও আমার প্রেম’ শিরোনামের সিনেমায় নায়ক আরজুর বিপরীতে কাজ করতে যাচ্ছেন তিনি। আবুল খায়ের বুলবুল পরিচালিত এ সিনেমায় শুটিং শুরু হবে ৫ ফেব্রুয়ারি থেকে। মাহি বলেন, আমি জুটি প্রথায় বিশ্বাসী নই। ভালো অভিনয় করলে যে কারো সাথেই জুটি হিসাবে কাজ করে নিজের শ্রেষ্ঠত্ব প্রমাণ করতে চাই।

নাটকের গান লেখা ও সুর করলেন অপূর্ব

স্টাফ রিপোর্টার : গানের সঙ্গে অপূর্ব’র সখ্য অনেক দিনের। তার এই সখ্যর প্রমাণ এবার রাখলেন নাটকের গান লিখে ও সুর দিয়ে। নাটকের নাম ‘তোমার পরে ঠেকাই মাথা’। ফারজানা ইয়াসমিন মিতুর গল্প ভাবনা থেকে রুম্মান রশীদ খানের রচনা, চয়নিকা চৌধুরীর পরিচালনায়, আপন আলো প্রযোজিত এ নাটকের শুটিং সম্পন্ন হয়েছে গাজীপুরের একটি রিসোর্টে। নাটকে অপূর্ব অভিনয় করেছেন ইংরেজি সংস্কৃতি প্রিয় ৪০-উর্ধ্ব রকস্টার গায়কের চরিত্রে। চরিত্রের খাতিরে অপূর্বকে একটি দৃশ্যে নতুন একটি বাংলা গানের সঙ্গে গিটার বাজাতে হয়েছিল। চিত্রনাট্যে গানটির কথা লেখা না থাকায় অপূর্ব নিজেই পাঁচ মিনিটের মধ্যে গানটির কথা লিখেন এবং তাতে সুর বসিয়ে গিটারে তোলেন। নাটকে দেখা যাবে, হঠাৎ করেই একটি ধুন হারিয়ে ফেলেন অপূর্ব। নিরিবিলি সঙ্গীত সৃষ্টির উদ্দেশে ঢাকার অদূরে এক রিসোর্টে চলে আসেন অপূর্ব। সেখানেই তার দেখা হয়ে যায় তারিনের সঙ্গে। সারা জীবন অপূর্ব জেনে এসেছে তার মা ছিলেন বীরাঙ্গনা। এ নিয়ে তার আক্ষেপের শেষ নেই। বাংলাদেশে জন্ম নিতে পেরে অপূর্ব নিজের জন্মকে ধিক্কার জানায়। একটা সময় তারিনের কাছ থেকে পাওয়া একটা ডায়েরি অপূর্বর জীবনের মোড় ঘুরিয়ে দেয়।

রামকানাই দাশকে নিয়ে নির্মিত তথ্যচিত্র সুরের পথিক ডিভিডি’র প্রকাশনা

স্টাফ রিপোর্টার : ধানমন্ডি ছায়ানট মিলনায়তনে সঙ্গীত সাধক পণ্ডিত রামকানাই দাশের জীবন নিয়ে নিরঞ্জন দে নির্মিত তথ্যচিত্র সুরের পথিক ডিভিডি’র মোড়ক উন্মোচন ও প্রকাশনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ডিভিডি’র মোড়ক উন্মোচন করেন বাংলাদেশ সরকারের রেলমন্ত্রী সুরঞ্জিত সেনগুপ্ত, বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান, বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা মানজারে হাসীন মুরাদ, পণ্ডিত রামকানাই দাশ এবং নির্মাতা নিরঞ্জন দেসহ আরও অনেকে। অনুষ্ঠানে বক্তাগণ সঙ্গীত সাধক পণ্ডিত রামকানাই দাশ’র সুরময় জীবন নিয়ে আলোচনা করে বলেন, বাঙালি জাতির সংস্কৃতি বিকাশে পণ্ডিত রামকানাই দাশ’র অবদান জাতি চিরদিন স্মরণ রাখবে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সাংস্কৃতিক জগতের বিশিষ্ট ব্যক্তিবর্গ, বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকগণ। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে পণ্ডিত রামকানাই দাশকে নিয়ে নির্মিত সুরের পথিক তথ্যচিত্রটি প্রদর্শিত হয়।

ইমন নিরবের পেইজ থ্রি কমিউনিকেশন

বিপিএলে ওয়াল্টন সিলেট রয়েলের অ্যাম্বাসেডর হলেন তারা

স্টাফ রিপোর্টার ঃ চলচ্চিত্রের দুই নায়ক ইমন ও নিরবের বন্ধুত্ব অনেক পুরনো। এই দুই বন্ধু মিডিয়াতে বেশ দাপটের সঙ্গেই কাজ করে যাচ্ছেন। পারস্পরিক জেলাসের মিডিয়ায় এমন বন্ধুত্ব খুব কমই দেখা যায়। এ ক্ষেত্রে বলা যায়, ইমন ও নিরব বন্ধুত্বের একটা নজির স্থাপন করেছেন। এ দুই বন্ধুর কীর্তির নতুন খবর হচ্ছে, তারা এবার একসঙ্গে একটি ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান খুলেছেন। তাদের এই প্রতিষ্ঠানের নাম 'পেইজ থ্রি কমিউনিকেশন'। দু'জনই এ প্রতিষ্ঠানের চেয়ারম্যান। তাদের এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হচ্ছে ২৯ জানুয়ারি একটি বড় ইভেন্ট আয়োজনের মাধ্যমে। এই দিন তারা সোনারগাঁও বলরুমে বিপিএল টি টুয়েন্টি টুর্নামেন্টের 'ওয়াল্টন সিলেট রয়েল' দলের জার্সি ওপেনিং অনুষ্ঠানের আয়োজন করতে যাচ্ছেন। এ দলের ইভেন্ট ম্যানেজমেন্টের দায়িত্ব তাদের ওপর পড়েছে। অনুষ্ঠানটি সন্ধ্যায় আরটিভিতে লাইভ সম্প্রচার করা হবে। শুধু তাই নয়, এই দু'জন দলটির ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবেও কাজ করবেন। নিরব জানান, এ অনুষ্ঠানের মাধ্যমে আমাদের পেইজ থ্রি কমিউনিকেশনের আনুষ্ঠানিক যাত্রা শুরু হচ্ছে। তবে আমরা পরবর্তীতে আমাদের কার্যক্রমের বিস্তারিত বিবরণ সংবাদ সম্মেলনের মাধ্যমে তুলে ধরব। আমাদের প্রতিষ্ঠানের মাধ্যমে দেশের অনেক বড় বড় ইভেন্ট ম্যানেজমেন্টে আয়োজিত হবে।

আমার আমি'তে এটিএম শামসুজ্জামান ও গিয়াস

উদ্দিন সেলিম

স্টাফ রিপোর্টার : আমার আমি'তে এবারের অতিথি বরেণ্য অভিনেতা এটিএম শামসুজ্জামান ও নির্মাতা গিয়াস উদ্দিন সেলিম। অনুষ্ঠানে তারা অভিনয় ও নাটক নির্মাণের বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেছেন। এছাড়া আরও বলেছেন ব্যক্তিজীবনের গল্পসহ নানা গুরুত্বপূর্ণ ঘটনা, জানা-অজানা তথ্যসহ ভবিষ্যতের পরিকল্পনার কথা। রুমানা মালিক মুনমুনের উপস্থাপনা ও সাজ্জাদ হুসাইনের প্রযোজনায় 'আমার আমি'র এ পর্বটি বাংলাভিশনে প্রচার হবে আজ রাত ৯টা ০৫ মিনিটে।

থার্টি ইয়ারস অব মাইলস কনসার্ট

স্টাফ রিপোর্টার : মাইলসের শুরুটা হয়েছিল ইন্টারকন্টিনেন্টাল হোটেলে। বর্তমানে রূপসী বাংলা, ১৯৭৯ সালে। তখন এ হোটেলে সপ্তাহে অন্তত ছয় দিন নিয়মিত গান করত মাইলস। নিজেদের কোনো গান নয়, তখন মাইলসের কণ্ঠে ছিল যুক্তরাষ্ট্র এবং ইউরোপের বিভিন্ন জনপ্রিয় শিল্পীদের গান। মাইলস প্রথম একক কনসার্ট করে ১৯৮২ সালে, বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে। সেখানে ছিল মাইলসের নিজেদের গান। 'হোটেলের বাইরে এটাই ছিল দর্শকদের সামনে তাদের প্রথম কনসার্ট। ওই হিসাবে এবার মাইলসের ৩০ বছর পূর্তি হচ্ছে। এ উপলক্ষে আয়োজন করা হচ্ছে একটি বিশেষ কনসার্টের। সঙ্গে থাকবে স্মৃতিচারণা ও মাইলসের সাবেক সদস্যদের সংবর্ধনা জানানো। মাইলসের প্রতিষ্ঠাতা সদস্য ফরিদ রশিদ ও কামাল মইনুদ্দিন এখন যুক্তরাষ্ট্রে আছেন। ঢাকায় আছেন ইশতিয়াক। তাঁরা সবাই যেন এ অনুষ্ঠানে উপস্থিত থাকেন, সেই চেষ্টা চলছে মাইলসের। তথ্যচিত্রের মাধ্যমে তুলে ধরা হবে মাইলসের ইতিহাস এবং পথচলা।'

সেই হোটেল রূপসী বাংলাতেই ১০ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে মাইলসের ৩০ বছর পূর্তি উৎসব কনসার্টটি। শিরোনাম করা হয়েছে 'থার্টি ইয়ারস অব মাইলস কনসার্ট'। শুরু সন্ধ্যা ছয়টায়। চলবে রাত ১১টা পর্যন্ত। সদস্য সূত্র জানায়, 'মাইলসের শুরুটা হয়েছিল এ ভবনে। তাই ৩০ বছর পূর্তির অনুষ্ঠানটি এখানেই আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। অনুষ্ঠানের পরিকল্পনায় রয়েছে শুরু থেকে এ পর্যন্ত প্রকাশিত সবক'টি অ্যালবাম থেকে উল্লেখযোগ্য গানগুলোর পরিবেশনা। মঞ্চে থাকবেন আমন্ত্রিত কয়েকজন বাদ্যযন্ত্রশিল্পী। দলের সংগীতশিল্পী বন্ধুরাও সেদিন গান করবেন। মঞ্চে যারা বিভিন্ন সময় মাইলসের গান করেছে– এমনি কিছু পুরোনো এবং নতুন ব্যান্ডও গান করবে এ অনুষ্ঠানে। মাইলসের এ কনসার্টের পৃষ্ঠপোষকতায় রয়েছে গ্রামীণফোন।

বলিউড শীর্ষ পাঁচ

১। প্লেয়ার্স (অভিষেক বচ্চন, ববি দেওল, বিপাশা বসু, সোনম কাপুর) ২। চালিস চওরাসি (নাসিরুদ্দিন শাহ, কে কে মেনন, শ্বেতা ভরদ্বাজ, অতুল কুলকার্নি) ৩। গোস্ট (শাইনি আহুজা, সায়ালি ভগত, তেজ সাপরু) ৪। সাড্ডা আড্ডা (করনবীর শর্মা, শৌর্য চৌহান, ভৌমিক সাম্পাত) ৫। টুটিয়া দিল (সুজান মুখার্জী, সিধান্ত কাপুর)

হলিউড শীর্ষ পাঁচ

১। আন্ডারওয়ার্ল্ড ঃ অ্যাওয়েকেনিং (কেইট বেকিনসেল, মাইকেল ইলি) ২। রেড টেইলস (কিউবা গুডিং জুনিয়র, জেরাল্ড ম্যাকরেনি) ৩। বিউটি অ্যান্ড দ্য বিস্ট থ্রিডি ৪। কন্ট্রাব্যান্ড (মার্ক ওয়ালবার্গ, কেইট বেকিনসেল) ৫। এক্সট্রিমলি লাউড অ্যান্ড ইনক্রেডিবলি ক্লোস (টমাস হর্ন, টম হ্যাঙ্কস)

বসুধা ঢাক ঢোল সম্মাননা পেলেন সঙ্গীত শিল্পীরা

স্টাফ রিপোর্টার : বসুধা ঢাক ঢোল সম্মাননা পেলেন দেশের বরেণ্য শিল্পীরা। সম্প্রতি রাজধানীর এক অভিজাত রেস্টুরেন্টে জমজমাট অনুষ্ঠানের মাধ্যমে ২১ জন সঙ্গীত শিল্পী এই সম্মাননা গ্রহণ করেন। তাদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন এটিএন বাংলার চেয়ারম্যান ড. মাহফুজুর রহমান। এটিএন বাংলার জনপ্রিয় মিউজিক্যাল শো বসুধা ঢাক ঢোলের ৩ বছর পূর্তি উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করে এর প্রযোজনা প্রতিষ্ঠান মিডিয়া ক্লাব। সম্মাননাপ্রাপ্ত শিল্পীরা হলেন, রফিকুল আলম, ইভা রহমান, সুলতানা চৌধুরী, পারভীন সুলতানা, কুদ্দুস বয়াতি, এসআই টুটুল, মনির খান, রবি চৌধুরী, রিজিয়া পারভীন, আখি আলমগীর, মৌটুসী, বিলু সিদ্দীকি, পথিক নবী, আরফিন রুমি, তপু, সিথি, সুমি শবনম, রাফাত এবং রোজ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন পানি সম্পদ প্রতিমন্ত্রী মাহবুবুর রহমান তালুকদার এমপি, এটিএন বাংলার উপদেষ্টা (অনুষ্ঠান) নওয়াজীশ আলী খান, ভোরের কাগজের সম্পাদক শ্যামল দত্ত এবং বুসধা বিল্ডার্স লি.-এর ব্যবস্থাপনা পরিচালক আব্দুল জাব্বার খান। বসুধা ঢাক ঢোল অনুষ্ঠানের পরিচালক শামীম আহমেদ এ সময় উপিস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এটিএন বাংলার চেয়ারম্যান আরো নতুন শিল্পী তৈরির ব্যাপারে পুরনো শিল্পীদের উদ্যোগ নেয়ার আহবান জানিয়ে বলেন, এখনও দেশে অনেক শিল্পী সংকট রয়েছে। একটি অনুষ্ঠান করতে গেলে শিল্পী পাওয়া কষ্টকর হয়ে যায়। পাওয়া গেলেও তারা অনেক পারিশ্রমিক হাকেন। এ সংকট কাটাতে নতুন শিল্পী তৈরিতে সবাইকে এগিয়ে আসতে হবে।

পূজা ভাটের বিবেচনায় সানি লিওন সঠিক বাছাই

জিসম-২-এর পরিচালক পূজা ভাট মনে করেন তার নির্মিতব্য চলচ্চিত্রটিতে কলেজ ছাত্রীর ভূমিকায় অভিনয়ের জন্য ভারতীয় বংশোদ্ভুত ক্যানাডীয় পর্নো তারকা সানি লিওনই সঠিক বাছাই। পূজা ভাট বলেন, ‘জিসম-২-এর জন্য আমরা খাঁটি বাছাই করেছি। আমরা সানি লিওনকে সে জন্যই নিয়েছি কারণ তিনি সেই ধরনের ভূমিকা এবং ব্যক্তিত্বের সাথে মানিয়ে যান।’

তিনি আরও বলেন, ‘সঠিকভাবে শিল্পী বাছাই করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সবাই ব্যতিক্রমী কাস্টিংয়ের কথা বলে থাকে কিন্তু কেউই কাজটি করে না।’ জিসম-২ এ সানি এক দিল্লীবাসী তরুণীর ভূমিকায় অভিনয় করবেন যে সদ্য বিশ্ববিদ্যালয় থেকে বেরিয়েছে। তার জীবনে প্রেম আসে এবং এরপর সব এলোমেলো হয়ে যায়। পূজা ভাট (৩৯) এখনও চলচ্চিত্রটির জন্য নায়কের সন্ধানে আছেন।

পূজা জানান, সৎ আর সাহসী মানুষদের নিয়ে কাজ করতে তিনি ভালবাসেন।

তিনি বলেন, ‘দর্শকরা জখম দেখে আলোচনা করে এবং জিসম দেখে। বিষয়টি হচ্ছে আমি শুধু তাদের সাথেই কাজ করতে পছন্দ করি যারা সাহসী, সে সানি লিওনই হোক বা অন্য কেউ; সে সব মানুষ যারা মুখের যা বলে তাই করে। ’ সানি লিওন একজন প্রাপ্তবয়স্কদের ফিল্মের পরিচিত তারকা; বিগ বস-৫-এ অংশ নিয়ে ভারতে জনপ্রিয়তা লাভ করেন। তিনি তার পেশা নিয়ে কোন রকম সংকোচবোধ করেন না বলেই পূজা তাকে জিসম-২ এর জন্য পছন্দ করেছেন বলে জানা যায়।

স্ত্রী জেনিফার কনেলি পল বেটানিকে মন্ত্রমুগ্ধ করে রাখে

জেনিফার কনেলির সাথে ব্রোকেন লাইন্স তারকা পল বেটানির বিয়ে হয়েছে আট বছর আগে। কিন্তু এখনও তাদের মাঝে কিছু পুরনো হয়নি। পরের কাছে এখনও জেনিফার মনোমুগ্ধকর। তিনি তার স্ত্রীকে খুব সুন্দরী আর তিনি যে গতিতে চলেন তাকে খুব হতাশাজনক মনে করেন। পল বলেন, 'আমার বেচারা স্ত্রী। সে তার নিজের মত গতিতে চলে– একে কিছুটা ধীর বলা যেতে পারে, এমনটি আমাকে মন্ত্রমুগ্ধ করে রাখে আর তাকে খুব সুন্দর লাগে। সব সময় আমার কাছে এমন মনে হয় আমাদের দেরী হয়ে যাচ্ছে। ' পল জানান, বাবা হবার পর তার জীবন একেবারে বদলে গিয়েছে। তাদের ছেলে স্টেলানের বয়স আট এবং কন্যা আগনেসে সাত মাস। তাদের সাথে জেনিফারের আগের সংসারের ছেলে কাইও (১৪) থাকে। পল জানান, সংসারে সময় দেয়াই জন্য তিনি অনেক অফার ফিরিয়ে দিয়েছেন। তিনি চলচ্চিত্রের অফার ছেড়ে দেয়া সম্পর্কে বলেন, 'আমি চাই না উক্তিটি এমন শোনাক যে, যে আমি কিছু ত্যাগ করছি। কখনও এমনটি হয় যখন কাজ না করে পরিবারকে সময় দেয়ার সিদ্ধান্ত নিই।' 'আমার সন্তানাদি আছে– তাদের অনুভব করা দরকার যে তাদের বাবা বাড়ি ফিরছে। ' তিনি মনে করেন, একজন অভিনেতা হিসেবে তার ভুল ক্ষমা কিন্তু বাবা হিসেবে নয়।

রাখী বিজন ছোট পর্দায় ফিরছেন

হাম পাঁচ সিরিয়ালের কোকড়া চুলের উচ্ছৃঙ্খলা সুইটিকে ভুলবার নয়। কমেডি সিরিয়ালটিতে সুইটির ভূমিকায় অভিনয় করতেন রাখী বিজন। দীর্ঘদিন যাবত তিনি মুখ্য ভূমিকায় অনুপস্থিত আছেন। সর্বশেষ তাকে দেখা গিয়েছিল স্টার ওয়ান-এর গীত হুই সাবসে পারায়িতে একটি গৌন ভূমিকায়। বিগ বস-এর দ্বিতীয় মৌসুমেও তিনি অংশ নিয়েছিলেন। এবার তাকে দেখা যাবে একটি মুখ্য ভূমিকায়। কালার্সের জন্য সৌরভ তিওয়ারীতে নওটাংকি ফিল্মের পরবর্তী সিরিয়ালটিতে রাখীকে আবার একটি গুরুত্বপূর্ণ ভূমিকায় দেখা যাবে। জানা গিয়েছে, তার চরিত্রটি অনেকেটা সুইটির মতই হবে। তিনি এই নতুন সিরিয়ালে ত্রিশোর্ধ্ব এক অবিবাহিতা নারীর ভূমিকায় অভিনয় করবেন। রাখী বিজন বলেন, 'হ্যাঁ, আমি শোটিতে কাজ করব। আমার চরিত্রটি সম্পর্কে বিস্তারিত কিছু বলতে পারছি না। যা বলতে পারি তা হল এটি পুরো কমেডি, খল বা আগেবপ্রবণ, ভূমিকা নয়। এটি খুব দারুণ একটি চরিত্র সে জন্যই কাজটি নিয়েছি। ব্যক্তিগত করেন আমি নিয়মিত কাজ করা থেকে দূরে ছিলাম। এখন কাজকে গুরুত্ব দিচ্ছি তাই অফারও পাচ্ছি।' রাখী এছাড়াও কৃষ ৩-এ কাজ করছেন। গ্রন্থনা : মোহাম্মদ শাহ আলম

••••••••••••••••••••••••